জাতীয় | সংঘর্ষ

চুয়েটে পরিচয় দেওয়ার পরও সাংবাদিককে মারধর, সিসিটিভিতে শনাক্ত অভিযুক্তরা



অভিযুক্ত গোবিন্দ মোদক, শিহাবুল ইসলাম খান ও সাজিদ মাহমুদ, ছবি: সংগৃহীত

জ্যেষ্ঠ প্রতিবেদক
প্রকাশিত: ২৮ নভেম্বর ২০২৬ | ৬:২১ পিএম

Add Jagonews24 on ফটোকার্ড শেয়ার

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) সংঘর্ষের ভিডিও ধারণ করতে গিয়ে হামলার শিকার হয়েছেন দৈনিক আমাদের সময়ের ক্যাম্পাস প্রতিনিধি মিসবাহ উদ্দিন স্বাধীন। সাংবাদিক পরিচয় নিশ্চিত করার পরও কয়েকজন শিক্ষার্থী তাকে মারধর করেছেন বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করে হামলায় জড়িতদের শনাক্ত করা হয়েছে।

শুক্রবার (২৭ নভেম্বর) দিনগত রাতে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে এ ঘটনা ঘটে।



প্রত্যক্ষদর্শী ও সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ২০২৫-২৬ শিক্ষাবর্ষের এক জুনিয়র শিক্ষার্থীকে ডাকা নিয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের দুই পক্ষের মধ্যে প্রথমে বাগবিতণ্ডা হয়। একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। এ সময় পেশাগত দায়িত্বের অংশ হিসেবে ভিডিও ধারণ করতে গেলে স্বাধীনকে বাধা দেন নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী অরিন ঘোষ।

পরে স্বাধীনের সাংবাদিক পরিচয় নিশ্চিত করতে ঘটনাস্থলে ডেকে আনা হয় চুয়েট সাংবাদিক সমিতির সভাপতি আসাদুল্লাহ গালিবকে। তিনি স্বাধীনকে সমিতির কার্যকরী সদস্য ও সাংবাদিক হিসেবে পরিচয় করিয়ে দেন। এরপরও একপর্যায়ে যন্ত্রকৌশল বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী শিহাবুল ইসলাম খান স্বাধীনের সঙ্গে কথা-কাটাকাটিতে জড়িয়ে তাকে মারধর করেন বলে অভিযোগ উঠেছে।

এ সময় একই বিভাগের একই শিক্ষাবর্ষের শিক্ষার্থী সাজিদ মাহমুদও তাকে মারধর করেন বলে অভিযোগ রয়েছে। পরে শিহাবুল আবারও তাকে এলোপাতাড়ি ঘুসি মারেন। একপর্যায়ে একই বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী গোবিন্দ মোদকও তাকে কয়েক দফা মারধর করেন। পরে অরিন ঘোষ স্বাধীনকে ঘটনাস্থল থেকে সরিয়ে নিয়ে যান।

ভুক্তভোগী সাংবাদিক মিসবাহ উদ্দিন স্বাধীন বলেন, 'আমি পেশাগত দায়িত্বের অংশ হিসেবে সংঘর্ষের ভিডিও ধারণ করছিলাম। প্রথমে আমাকে ভিডিও ধারণে বাধা দেওয়া হয়। পরে সাংবাদিক সমিতির সভাপতিকে ডেকে আমার পরিচয় নিশ্চিত করা হয়। এরপরও কয়েকজন শিক্ষার্থী আমার ওপর হামলা করেন। বারবার নিজের সাংবাদিক পরিচয় ও দায়িত্ব পালনের কথা জানানোর পরও তারা আমাকে মারধর করেন। এ ঘটনায় আমি নিরাপত্তাহীনতা বোধ করছি। সুষ্ঠু তদন্তের মাধ্যমে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।'

চুয়েট সাংবাদিক সমিতির সভাপতি আসাদুল্লাহ গালিব বলেন, 'ঘটনার সময় আমাকে সেখানে

সর্বশেষ সংবাদ



মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের ঢাকা সফর স্থগিত
০ মিনিট আগে



শিক্ষার্থীদের বিক্ষোভে উত্তাল আলবেনিয়া, পুলিশের সঙ্গে সংঘর্ষ
১১ মিনিট আগে



জেলা ছাত্রলীগ নেতাকে আটকের পর ছেড়ে দেওয়ার অভিযোগ ওসির বিরুদ্ধে
১১ মিনিট আগে



জ্বালানি তেল বিক্রিতে ৯ শতাংশ কমিশন চান পেট্রোল পাম্প মালিকরা
২৩ মিনিট আগে



ডলারের বিপরীতে আরও দুর্বল হলো মালয়েশিয়ার মুদ্রা
২৬ মিনিট আগে

ডেকে নেওয়া হলে আমি স্বাধীনকে সাংবাদিক সমিতির কার্যকরী সদস্য ও সাংবাদিক হিসেবে পরিচয় করিয়ে দিই। বিষয়টি মীমাংসার চেষ্টা করেও হামলা ঠেকানো যায়নি। পরিচয় নিশ্চিত করার পরও তার ওপর এভাবে হামলার ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। আমরা সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করে জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।'

সমিতির সাধারণ সম্পাদক ফাইয়াজ মুহাম্মদ কৌশিক বলেন, সাংবাদিকের পরিচয় নিশ্চিত হওয়ার পরও তার ওপর হামলার ঘটনা নিন্দনীয়। এটি শুধু একজন সাংবাদিকের ওপর হামলা নয়, ক্যাম্পাসে স্বাধীন সাংবাদিকতা ও পেশাগত দায়িত্ব পালনের পরিবেশের জন্যও হুমকি। ঘটনার নিরপেক্ষ তদন্ত, সিসিটিভি ফুটেজের ভিত্তিতে জড়িতদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী দৃষ্টান্তমূলক ব্যবস্থা এবং ভবিষ্যতে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান তিনি।

এমআরএএইচ/এমএএইচ/

ফলো করুন গুগল নিউজ হোয়াটসঅ্যাপ চ্যানেল ফেসবুক ইউটিউব

সাংবাদিক বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

পাঠকপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল জাগোনিউজ২৪.কমে লিখতে পারেন আপনিও। লেখার বিষয় ফিচার, ভ্রমণ, লাইফস্টাইল, ক্যারিয়ার, তথ্যপ্রযুক্তি, ধর্ম, কৃষি ও প্রকৃতি। আজই আপনার লেখাটি পাঠিয়ে দিন jagofeature@gmail.com ঠিকানায়।

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের ঢাকা সফর স্থগিত

প্রকাশিত: ২৮ নভেম্বর ২০২৬ | ১০:০২ পিএম



মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের ঢাকা সফর স্থগিত করা হয়েছে। শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক জ্যেষ্ঠ কর্মকর্তা জানান, পারস্পরিক সুবিধাজনক তারিখ ও সময়ে বাংলাদেশ সফরটি পুনর্নির্ধারণ করা হবে...

বিস্তারিত পড়ুন

জ্বালানি তেল বিক্রিতে ৯ শতাংশ কমিশন চান পেট্রোল পাম্প মালিকরা

প্রকাশিত: ২৮ নভেম্বর ২০২৬ | ৯:৩৮ পিএম



জ্বালানি তেল বিক্রি ও সরবরাহ কার্যক্রম পরিচালনায় বিনিয়োগ, শ্রমিকদের বর্ধিত মজুরি এবং পরিচালন ব্যয়ের সঙ্গে সামঞ্জস্য রেখে কমিশনের হার পুনর্নির্ধারণ করে ৯ শতাংশ করার দাবি জানিয়েছে...

বিস্তারিত পড়ুন

বাঙ্গরাকে নতুন উপজেলা ঘোষণায় প্রধানমন্ত্রীকে ধর্মমন্ত্রীর কৃতজ্ঞতা

প্রকাশিত: ২৮ নভেম্বর ২০২৬ | ৯:২৮ পিএম



বাঙ্গরাকে আলাদা উপজেলা হিসেবে প্রতিষ্ঠার বিষয়ে ধর্মমন্ত্রী বলেন, এটি এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের সিদ্ধান্তের ফল....

বিস্তারিত পড়ুন

হাতিরঝিলে ইন্টারনেট অফিসে ঢুকে গুলি

প্রকাশিত: ২৮ নভেম্বর ২০২৬ | ৯:২৭ পিএম



রাজধানীর হাতিরঝিল এলাকায় একটি ইন্টারনেট অফিসে গুলির ঘটনা ঘটেছে। তবে এ ঘটনায় কেউ হতাহত হয়নি বলে জানা গেছে। শনিবার (২৮ নভেম্বর) হাতিরঝিল থানার...

বিস্তারিত পড়ুন

অ্যাপ ডাউনলোড করুন

GET IT ON Google Play

Available on the App Store

Jagonews24: বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

জাগোনিউজ২৪ বাংলাদেশের শীর্ষস্থানীয় অনলাইন নিউজ পোর্টাল। রাজনীতি, অর্থনীতি, খেলাধুলা ও বিনোদনসহ দেশ-বিদেশের সর্বশেষ ব্রেকিং নিউজ ও নির্ভরযোগ্য সংবাদের জন্য সাথেই থাকুন জাগোনিউজ২৪-এর।

সম্পাদক: কে. এম. জিয়াউল হক

© ২০২৬ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম

একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা)
গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২

যোগাযোগ | গোপনীয়তা নীতি | আমাদের সম্পর্কে